

## উদয়নারায়ণপুর মাধবীলতা মহাবিদ্যালয়

(সরকারি অনুদানপ্রাপ্ত এবং কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত)

প্রতিষ্ঠা-২০০৬

পোস্ট-উদয়নারায়ণপুর (জঙ্গলপাড়া), হাওড়া-৭১১২২৬

দূরভাষ-০৩২১৪-২৫৭৪৪৪

### সিবিসিএস(CBCS) এর দ্বিতীয় ও চতুর্থ সেমেস্টার এবং ১+১+১ সিস্টেমের পার্ট-১ এবং পার্ট-২ পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো হচ্ছে যে, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নির্দেশনামা অনুসারে আগামী ৩০.১১.২০২০ তারিখ থেকে CBCS ব্যবস্থার ২য় ও ৪র্থ এবং ১+১+১ ব্যবস্থার পার্ট-১ ও পার্ট-২ পরীক্ষার আভ্যন্তরীণ মূল্যায়ন (Internal Assessment) সংঘটিত হবে।

মূল্যায়ন প্রক্রিয়ায় CBCS কাঠামো অনুসরণ করে লিখিত পরীক্ষা, প্রোজেক্ট/টার্ম পেপার তৈরি ও প্রাক্টিক্যাল পরীক্ষা নেওয়া হবে। লিখিত পরীক্ষা বাড়িতে বসে এবং প্রাক্টিক্যাল পরীক্ষা online platform/meeting apps এর মাধ্যমে দেওয়া যাবে। কলেজে এসে পরীক্ষা দিতে হবে না।

CBCS ব্যবস্থার ২য় এবং ৪র্থ সেমেস্টারের পরীক্ষার প্রতিটি কোর্সের পূর্ণমান হবে ৫০ নম্বর ও সময়সীমা থাকবে ২ ঘন্টা। অপরদিকে, ১+১+১ ব্যবস্থার পার্ট-১ এর প্রতিটি পত্রের পূর্ণমান হবে ১০০ নম্বর ও সময়সীমা থাকবে ২ ঘন্টা এবং পার্ট-২ এর পূর্ণমান হবে ৫০ নম্বর ও সময়সীমা থাকবে ২ ঘন্টা।

প্রশ্নপত্র কলেজের ওয়েবসাইটে এবং পরীক্ষার্থীদের Email ID তে (কেবলমাত্র Honours এর শিক্ষার্থীদের) দেওয়া হবে। নির্ধারিত সময়ে পরীক্ষা শেষ হওয়ার ৩০ মিনিটের মধ্যে online-এ(অর্থাৎ সংশ্লিষ্ট বিষয়ের অধ্যাপক/ অধ্যাপিকার Email Id তে ) অথবা offline mode-এ( অর্থাৎ কলেজে এসে) উত্তর পত্র জমা দেওয়া যাবে। Online-এ উত্তরপত্র pdf file করে সংশ্লিষ্ট Email Id তে পাঠাতে হবে। উত্তরপত্রের প্রতিটি পৃষ্ঠায় পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় বিশ্ববিদ্যালয়, কলেজ, পরীক্ষার নাম উল্লেখ করা ছাড়াও Paper এবং বিশ্ববিদ্যালয়ের রোল ও রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে। উত্তরপত্রের প্রতিটি পৃষ্ঠায় বিশ্ববিদ্যালয়ের রোল নম্বর এবং রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে। উত্তরপত্রের পৃষ্ঠাগুলি পৃষ্ঠা নম্বর অনুযায়ী পর পর সাজিয়ে একটিমাত্র pdf file করে পাঠাতে হবে। Plain A4 কাগজের একদিকে (oneside) উত্তর লিখতে হবে। উত্তরপত্রে নিজের নাম লেখা যাবে না। কালো কালি ব্যবহার করলে ভালো হয়।

পরীক্ষার্থীদের নিয়মিত কলেজের website দেখতে হবে। পরীক্ষা সংক্রান্ত অনুসন্ধানের জন্য সকল বিষয়ের পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট বিষয়ের বিভাগীয় প্রধানের সঙ্গে যোগাযোগ করতে পারে। বিভিন্ন বিষয়ের বিভাগীয় প্রধান/সিনিয়রমোস্ট অধ্যাপক ও অধ্যাপিকার মোবাইল নম্বর হল--

১. বাংলা( 9477038718)
২. ইংরেজি( 9002477383)
৩. সংস্কৃত( 9674554027)
৪. ইতিহাস(9477024480)
৫. ভূগোল( 94332 43936)
৬. দর্শন( 9432261393)
৭. শিক্ষাবিজ্ঞান(8001067634)
৮. গণিত( 7407657774)
৯. রাষ্ট্রবিজ্ঞান( 9674026563)
১০. খাদ্য ও পুষ্টিবিজ্ঞান(8900285626)
১১. শারীরশিক্ষা(9064241492)
১২. সংগীত(9836542982)
১৩. রসায়নবিদ্যা(8001631601)
১৪. পদার্থ বিজ্ঞান(7407657774)
১৫. পরিবেশবিদ্যা(9732724911)

পরীক্ষার সময়সূচি (Examination Time-table) নিচে দেওয়া হল।

Sd/-  
Principal